দৈনিক বাংলা

তারিখ ... ১২।৭।৮৩ ...
পৃষ্ঠা ... ৫ কলাম ৪ ...

# শিক্ষকদের মহার্ঘ্য ভাতায় বৈষম্য

## জনমত

বর্তমান সরকার কয়েকটি শিশু-শিক্ষক কল্যাণমুখী পদক্ষেপ নিয়েছেন। তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হল, শিক্ষকদের জন্য শতকরা ৩০ টাকা হারে মহার্ঘ ভাতা অনুদান বৃদ্ধি এবং প্রাইমারী শিক্ষকদের নিয়োগ, চাকরি ও বেতন প্রদান ব্যবস্থা সুশৃংখলকরণ। এসব পদক্ষেপে দেশের বেশির ভাগ শিক্ষকই উপকৃত হয়েছেন।

কিন্তু দুঃখের বিষয় কম বেতনের বহু শিক্ষক-শিক্ষিকা সরকারের দেয়া অনুদান ও মহার্ঘ ভাতা পাচ্ছেন না। আই এ ট্রেইন্ড এবং আই এ ম্যাট্রিক পাশ শিক্ষকদের বেতন স্কেল হল যথাক্রমে ৩৭০ টাকা থেকে ৭৪৫ টাকা এবং ৩০০ টাকা থেকে ৫৪০ টাকা। প্রথম স্কেলে প্রারম্ভিক, ৫ বছর ও ২৫ বছরের চাকরি অলাদের বেতন যথাক্রমে ৩৭০ টাকা, ৪৯৫ টাকা ও ৭৪৫ টাকা। ৩৭০ টাকা যার বেতন তিনি অনুদান ১৮৫ ও মহার্ঘ ভাতা ৫৫.৫০ টাকা মিলিয়ে সর্বমোট ৬১০.৫০ পয়সা পাচ্ছেন। ৪৯৫ টাকা যাদের মূল বেতন তারা অনুদান ১৮৫ ও মহার্ঘ ভাতা ৫৫.৫০ টাকাসহ সর্বমোট পাচ্ছেন ৭৩[illegible] টাকা। আর ৫৬০ যাদের মূ[illegible]ন তারা পাচ্ছেন মূল বেতন ৫৬০ টাকা অনুদান ১৮৫ টাকা মহার্ঘ ভাতা ৮০০.৫০ টাকা। কিন্তু যাদের মূল বেতন এখন ৭৪৫ টাকা তারা অনুদান বা মহার্ঘ ভাতা কিছুই পাচ্ছেন না। অনুরূপভাবে শুধু ম্যাট্রিক ও আই এ পাশ শিক্ষক-শিক্ষিকদের ক্ষেত্রেও এই বৈষম্যমূলক ব্যবস্থা দেখা যাচ্ছে। এদের মধ্যে যাদের চাকরির ১ বছরের তারা পাচ্ছেন মূল বেতন ৩২৫ টাকা অনুদান ১৫০ টাকা মহার্ঘ ভাতা ৪৫ টাকা সর্বমোট ৫২০ টাকা। ৫ বছর যাদের চাকরির তাদের বেতন হল: মূল বেতন ৪৫০ টাকা অনুদান ১৫০ টাকা ৪৫=৬২৫ টাকা। কিন্তু ২৫ বছর চাকরি করে যাদের মূল বেতন ৬৪৫ টাকায় উঠেছে, তারা অনুদান ও মহার্ঘ ভাতা পাচ্ছেন না। এর ফলে দুটি অসংগতি ঘটছে। যারা শিক্ষকতা পেশায় দীর্ঘদিন থেকে দেশের ছেলেমেয়েদের মানুষ করে করে জীবনী শক্তি ক্ষয় করেছেন তারা তাদের কাজের কোন স্বীকৃতি বা আর্থিক সুবিধা পাচ্ছেন না। বেশিদিনের চাকরি যেন তাদের অপরাধ। নইলে ৫ বছরের চাকরি অলাগণ যেখানে ৮০০.৫০ টাকা ও ৬৪৫ টাকা পাচ্ছেন সেখানে ২০ বছরের বেশি সময় ধরে শিক্ষকতায় নিয়োজিত শিক্ষকগণ পাচ্ছেন ৭৪৫ টাকা ও ৬৪৫ টাকা।

উপরে বেতন বৈষম্যের যে হিসাব দেয়া হল, তা আজিমপুর বালিকা বিদ্যালয় আদমজী বিদ্যালয় এবং আরও বহু বিদ্যালয়ে বিরাজ করছে।

শিক্ষকদের মহার্ঘ ভাতার হার সম্পর্কে আরও প্রশ্ন আছে। উপরের হিসাব যদি সঠিক হয়ে থাকে তাহলে দেখা যাচ্ছে যে ট্রেইন্ড টিচারগণ সব স্কেলেই ৫৫.৫০ টাকা এবং শুধু ম্যাট্রিক ও আইএ পাশ টিচারগণ ৪৫ টাকা করে মহার্ঘ ভাতা পাচ্ছেন। অথচ সরকারের আদেশ প্রত্যেককে মূল বেতনের উপর শতকরা ৩০ টাকা হারে মহার্ঘ ভাতা দেয়া। শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট শাখার ২৩-৬-৮৩ ইং তারিখের শা:—৩/৫ বি—১০/৮৩/৭১৫ শিক্ষা: নং স্মারক লিপিতে একথা বলা আছে।

আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গোটা ব্যাপারটি সম্পর্কে তদন্ত করে দেখবেন এবং কোথাও অন্যায় অবিচার ও বৈষম্য ঘটে থাকলে তার প্রতিকারের উদ্যোগ নেবেন।

**কয়েকজন শিক্ষক**
ঢাকা